



## প্রাইমএশিয়া বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সেমিনার

প্রকাশিত: ০৬ - এপ্রিল, ২০১৯ ১২:০০ এ. এম.

বৃহস্পতিবার প্রাইমএশিয়া বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি বিভাগের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি কনফারেন্স সেন্টারে ‘প্ল্যানেটারি হেলথ এ্যান্ড এমডিআর-টুউবারকুলসিস: বাংলাদেশ পারস্পেকটিভ’ শীর্ষক আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়। এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন প্রাইমএশিয়া বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. আবদুল হান্নান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন প্রাইমএশিয়া বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার একেএম আশরাফুল হক এবং রেজিস্ট্রার আবুল কাশেম মোল্লা এবং স্কুল অব সায়েন্সের ডীন, প্রফেসর ড. এএজএম ওমর ফারুক।

সেমিনারে প্রবন্ধ পাঠ করেন কানাডার টরেন্টোর ইয়র্ক বিশ্ববিদ্যালয়ের ডাহডালেহ ইনস্টিটিউট ফর গ্লোবাল হেলথ রিসার্চের প্ল্যানেটারি হেলথ ফেলো (প্রজেক্ট কো-ডিরেক্টর) ড. বোমকেশ তারুকদার এবং বাংলাদেশে অবস্থিত ডেমেইন ফাউন্ডেশন অব বেলজিয়ামের ল্যাবরেটরি ডিরেক্টর এবং প্রাইমএশিয়া বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি বিভাগের সাবেক ছাত্র মোঃ আনোয়ার হোসাইন। প্রাইমএশিয়া বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. শুভময় দত্ত সেমিনারে সভাপতিত্ব করেন। -বিজ্ঞপ্তি।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com